

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫২৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬১. (ইস্তিগফার) ক্ষমা প্রার্থনা সম্পর্কে

باب فِي الاسْتِغْفَارِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ، عَنْ ثَابِتٍ، وَعَلِيّ بْنِ زَيْدٍ، وَسَعِيدٍ الْجُرَيْرِيِّ، عَنْ أَبِي عُثْمَانَ النَّهْدِيِّ، أَنَّ أَبَا مُوسَى الأَشْعَرِيَّ، قَالَ: كُنْتُ مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فِي سَفَرٍ فَلَمَّا دَنَوْا مِنَ الْمَدِينَةِ كَبَّرَ النَّاسُ وَرَفَعُوا أَصْوَاتَهُمْ، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " يَا أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ لَا تَدْعُونَ أَصَمَّ وَلَا غَائِبًا، إِنَّ الَّذِي اللهِ صلى الله عليه وسلم " يَا أَيُّهَا النَّاسُ إِنَّكُمْ لَا تَدْعُونَ أَصَمَّ وَلَا غَائِبًا، إِنَّ الَّذِي تَدْعُونَهُ بَيْنَكُمْ وَبَيْنَ أَعْنَاقِ رِكَابِكُمْ " . ثُمَّ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " يَا أَبَا مُوسَى! أَلا أَدُلُكَ عَلَى كَنْزٍ مِنْ كُنُوزِ الْجَنَّةِ " . فَقُلْتُ : وَمَا هُوَ؟ قَالَ " لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا فَوْ اللهِ

_ صحيح: ق دون قوله: (إِنَّ الَّذِي تَدْعُونَهُ بَيْنَكُمْ وَبَيْنَ أَعْنَاقِ رِكَابِكُمْ) و هو منكر

বাংলা

১৫২৬। আবৃ 'উসমান আন-নাহদী (রহঃ) সূত্রে বর্ণিত। আবৃ মূসা আল-আশ'আরী (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে এক সফরে ছিলাম। অতঃপর আমরা মদীনার নিকটবর্তী হলে লোকেরা উচ্চস্বরে তাকবীর বললো। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে লোক সকল! তোমরা তো কোনো বধির কিংবা অনুপস্থিত সত্তাকে ডাকছো না, যাকে তোমরা ডাকছো তিনি তোমাদের বাহনের ঘাড়ের চাইতেও অতি নিকটে আছেন। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে আবৃ মূসা! আমি কি তোমাকে আল্লাহর ধন-ভাভারসমূহ হতে একটি ভাভারের খোঁজ দিবো না? আমি বললাম, সেটা কি? তিনি বললেনঃ ''লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ।''[1]

সহীহ; বুখারী ও মুসলিম এ কথাটি বাদে : "তোমরা যাকে ডাকছো তিনি তোমাদের বাহনের ঘাড়ের চাইতেও অতি নিকটে আছেন।" কেননা এ অংশটুকু মুনকার।



English

Narrated AbuMusa al-Ash'ari:

Once we accompanied the Messenger of Allah (ﷺ) on a journey. When we reached near Medina, the people began to say aloud: "Allah is most great," and they raised their voice.

The Messenger of Allah (ﷺ) said: O people, you are not supplicating one who is deaf and absent, but you are supplicating One Who is nearer to you than the neck of your riding beast.

The Messenger of Allah (ﷺ) then said: AbuMusa, should I not point out to you one of the treasures of Paradise?

I asked: What is that?

He replied: "There is no might and there is no power except in Allah"

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : যিকর ও দু'আ, অনুঃ নিচুস্বরে যিকর করা মুস্তাহাব)।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবু 'উসমান (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন